দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 21 SEP 2016 ...
পৃষ্ঠা ...৩... কলাম ...৫...

# কলেজ শিক্ষার মানোন্নয়নে অধ্যক্ষদের বিশেষ ভূমিকা পালন করতে হবে

## -জাতীয় বিশ্ববিদ্যালয় উপাচার্য

জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজসমূহের অধ্যক্ষবৃন্দকে নিয়ে প্রথমবারের মতো 'শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা' বিষয়ক কর্মশালার আয়োজন করা হয়েছে। দুই হাজার ২০০ এর বেশি কলেজ অধ্যক্ষ পর্যায়ক্রমে ২২ টি ব্যাচে (প্রতি ব্যাচে ১০০ জন করে) এই কর্মশালায় অংশগ্রহণ করবেন।

গতকাল মঙ্গলবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে প্রথম ব্যাচের কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ বলেন, কলেজ শিক্ষার মানোন্নয়ন এখন প্রথম অগ্রাধিকার। এক্ষেত্রে অধ্যক্ষদের বিশেষ ভূমিকা পালন করতে হবে। ফাইল স্বাক্ষর আর রুটিন কাজের মধ্যে সীমাবদ্ধ থাকা নয়, তাদের হতে হবে স্ব-স্ব প্রতিষ্ঠানের একাডেমিক লিডার। শিক্ষা কার্যক্রম মনিটরিং-এ তাদের অধিকতর দৃষ্টি দিতে হবে। অধ্যক্ষদের নেতৃত্বের ওপরই নির্ভর করবে সার্বিক শিক্ষার উন্নয়ন।

অনুষ্ঠানে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মো. আসলাম ভূঁইয়া, প্রফেসর ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু, ট্রেজারার অধ্যাপক মো. নোমান উর রশীদ, ডিন, রেজিস্ট্রার, বিভাগীয় প্রধানগণ এবং শিক্ষক-কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের ডিন (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মো. আনোয়ার হোসেন।-প্রেস বিজ্ঞপ্তি